গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা অধিশাখা-২
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০১৯.১৬.০৬২.২৩ (অংশ-১).৪১

তারিখঃ ১২ ফাল্গুন ১৪৩০ / ২৫ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়ঃ Open Government Data (OGD) পোর্টালের আধুনিকায়ন এবং কর্মকর্তাবৃন্দের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত ওয়ার্কশপে রেকর্ড নোটস্ অন ডিসকাশন।

ওয়ার্কশপসমূহ অনুষ্ঠানের তারিখঃ ১৫, ১৮ এবং ২২ জানুয়ারি ২০২৪;
সময়ঃ সকাল ৯:৩০ ঘটিকায়

প্রধান অতিথিঃ ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
বিশেষ অতিথিঃ জনাব মোহাম্মদ মিজানুর রহমান, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জনাব মামুনুর রশিদ ভুঞা, প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
সভাপতিঃ ড. মোঃ মইনুল হক আনছারী, অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

সভাপতির স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে ওয়ার্কশপের কার্যক্রম শুরু হয়। তিনি বলেন, বর্তমান তথ্য প্রযুক্তির যুগে উপাত্ত বা ডেটা পরিকল্পনা প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সাধারণ জনগণের নিকট উপাত্ত সহজলভ্য করার নিমিত্ত Open Government Data (OGD) এর কার্যক্রম বাংলাদেশে ২০১৫ সালে শুরু করা হয়। জাতিসংঘের আওতায় প্রতি ০২ বছর পরপর E-Govt. Development Index (EGDI) প্রকাশিত হয়। United Nations Department for Economic & Social Affairs (UNDESA) জাতিসংঘের সদস্যভুক্ত দেশসমূহের মধ্যে Ranking করে থাকে। ২০১৪ সালে প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী জাতিসংঘের ১৯৩টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল ১৪৮। সর্বশেষ ২০২২ সালে E-Govt. Development Index প্রকাশিত রিপোর্ট অনুয়ারী বাংলাদেশের অবস্থান ১১১। E-Govt. Development Index প্রকাশিত রিপোর্ট এর অগ্রগতির জন্য OGD পোর্টাল এটুআই কর্তৃক ডেভেলোপ করা হয়েছে। OGD ডোমেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় করা হয়েছে। ডোমেন হল: data.gov.bd ইতোমধ্যে BTCL এর মাধ্যমে রেজিস্ট্রেশন করা হয়েছে। পোর্টালে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের ডাটাসেট আপলোড করা হয়েছে। সময়ের প্রয়োজনে এবং টেকনোলজির বিবর্তনে পোর্টাল এর আধুনিকায়নের কাজ চলছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং বিভিন্ন মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থা থেকে ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে পোর্টালটির আধুনিকায়ন এবং পরিচালনা কার্যক্রমের প্রশিক্ষণের সমন্বয়ে তিনটি ওয়ার্কশপ এসপায়ার টু ইনোভেট (এটুআই) এর অর্থায়নে আয়োজন করা হয়েছে।

০২। প্রথম পর্বে তিনটি উপস্থাপনা শেষে উন্মুক্ত পর্বে প্রশ্নোত্তর হয়। বিশেষ অতিথি এবং প্রধান অতিথির বক্তব্যের মধ্য দিয়ে উদ্বোধন পর্ব শেষ হয়। উদ্বোধন অনুষ্ঠান এর পর হেলথ ব্যাক এর পর দ্বিতীয় অর্ধের অনুষ্ঠান শুরু হয়। এ পর্যায়ে OGD পোর্টাল বিষয়ক ওয়ার্কশপের মূল উপস্থাপনা করেন জনাব মোঃ আনোয়ারুল আরিফ খাঁন, রেজাল্টস ম্যানেজমেন্ট এনালিস্ট, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রকল্প এবং OGD পোর্টাল প্রস্তুতকারী প্রতিষ্ঠান। ওয়ার্কশপসমূহে জনাব মাহমুদুর রহমান, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর সঞ্চালনায় সকলের মতামতের জন্য ফ্লোর ওপেন করে দেয়া হয়। প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় ওয়ার্কশপে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর থেকে ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্টসহ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে ১৫, ১৮ এবং

২২ জানুয়ারি ২০২৪ তারিখে তিনটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। প্রত্যক ওয়ার্কশপে মোট ৬০ জন করে কর্মকর্তা অংশগ্রহণ করেন। ওয়ার্কশপসমূহ সকাল ৯:৩০ ঘটিকায় রেজিস্ট্রেশনের মাধ্যমে শুরু হয়। শুরুতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের পক্ষে OGD বিষয়ক উপস্থাপনা করেন জনাব সাদেক হোসেন খোকা, প্রোগ্রামার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, OGD, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। OGD বাস্তবায়নে কৌশলপত্র এবং নীতিমালা বিষয়ক একাডেমিক উপস্থাপনা করেন ড. মোঃ শাহেদুর রশিদ, OGD বিষয়ক কনসালটেন্ট ও প্রফেসর এবং বিভাগীয় প্রধান, ভূগোল ও পরিবেশ বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এবং OGD র‍্যাংকিং বিষয়ক উপস্থাপনা করেন জনাব মোঃ আনোয়ারুল আরিফ খাঁন, রেজাল্টস ম্যানেজমেন্ট এনালিস্ট, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রকল্প।

০৩। জনাব সাদেক হোসেন খোকা তাঁর উপস্থাপনায় বলেন OGD হলো প্রকাশযোগ্য সরকারি ডাটা কোন প্রকার বিধিনিষেধ ছাড়াই কিছু তথ্য/উপাত্ত প্রত্যকের জন্য ইচ্ছামতো ব্যবহার এবং পুনরায় ব্যবহার উপযোগি করে প্রস্তুত করা। বাংলাদেশে E-Govt. এর গৃহীত কার্যক্রম আন্তর্জাতিক পরিমন্ডলে দৃশ্যমান করার লক্ষ্যে পর্যালোচনা এবং করণীয় নির্ধারনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে ২০১৫ সালে ০১টি সভা অনুষ্ঠিত হয়। সভায় Open Government Data সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ৩টি কমিটি গঠন করা হয়। যথাঃ ১। OGD Strategy Review and Formation কমিটি (সভাপতি; সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ); ২। নির্বাহী কমিটি (Executive Committee) (সভাপতি; সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ); ৩। ওয়াকিং গ্রুপ (Work Group) (সভাপতি; অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ)। ইতোমধ্যে OGD সম্পর্কিত উন্মুক্ত উপাত্ত কৌশলপত্র বাংলা এবং ইংরেজি ভার্সন প্রণয়ন করা হয়। OGD পোর্টাল এটুআই কর্তৃক ডেভেলপ; পরিসংখ্যান ও তথ্য বিভাগ এর মাধ্যমে ডোমেন রেজিস্ট্রেশন এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক রক্ষণাবেক্ষণ এর মাধ্যমে কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান, OGD উন্মুক্ত উপাত্ত নীতিমালা প্রণয়ন, OGD কৌশলপত্রটির নান্দনিক ডিজাইনের কাভার পেইজ, সত্বাধিকার, প্রকাশ সালসহ প্রাসঙ্গিক তথ্যাদি সংযোজন-বিয়োজন সাপেক্ষে আধুনিকীকরণ এবং OGD পোর্টালটির আধুনিকায়নের কার্যক্রম চলমান রয়েছে; OGD পোর্টাল মনিটরিং এর জন্য একটি কমিটি গঠন করা হয়েছে; পোর্টালটি আধুনিকায়নের কার্যক্রম সম্পন্ন হলে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর এর প্রকাশ যোগ্য ডাটাসেট OGD পোর্টালে আপলোড এর কার্যক্রম শুরু করা হবে। OGD পোর্টালে ডাটা আপলোডের নিমিত্ত a2i কর্তৃক Data Catalogue এর খসড়া প্রণয়নের কাজ শুর করেছে।

০৪। ড. মোঃ শাহেদুর রশিদ তিনি তাঁর উপস্থাপনায় Open data এর সংজ্ঞা নিম্নরূপভাবে বর্ণনা করেন:
Open data refers to the idea that certain data should be freely available for everyone to use and republish as they wish, without restrictions from copyright, patents, or other mechanisms of control. এছাড়া তিনি Open Data এর ক্ষেত্রে Open এর শব্দের বিস্তারিত বর্ণনা করেন। O (Open Data) Open Data means no restriction, transparent and absent of barrier; for available to general public, must be in machine readable format for further analysis). P (Public) means intended for use by the general population for postering transparency and accountability, may not be easily accessible in Machine Readable Format. E (Electronic) means stored, processed and transmitted in machine readable digital format eg. internet, api and fully shareable. N (Necessary) means addressing essential or crucial societal need in areas like health safety and policy.

উপস্থাপনায় Open Government Data পলিসি এবং কৌশলপত্রের উপর বিস্তারিত আলোকপাত করেন, তিনি কৌশলপত্রের সাথে পলিসির একটি সম্পূর্ক স্থাপন করার চেষ্টা করেন। এছাড়া তিনি তার উপস্থাপনায় Open Data Charter (ODC), The Open Data Barometer, Open Government Data adopters বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এসমস্ত বিষয়ে আলোচনার সময় তিনি বলেন যে, বিশ্বের অনেক উন্নয়নশীল দেশ এসমস্ত বিষয় নিয়ে কাজ করে যাচ্ছে এতে করে তাদের Open Government Data আরও বেশি সমৃদ্ধশালী হচ্ছে। Open Government Data কে আরোও এগিয়ে নিতে হলে Open Data Charter (ODC), The Open Data Barometer, Open Government Data adopters বিষয়ে সদস্য হওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

০৫। Open Government Data Index (OGDI) বিষয়ক বিস্তারিত উপস্থাপনা করেন জনাব মোঃ আনোয়ারুল আরিফ খাঁন, রেজাল্টস ম্যানেজমেন্ট এনালিস্ট, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রকল্প। তিনি তার উপস্থাপনায় বাংলাদেশের র‍্যাংকিং বিষয়ে আলোকপাত করেন। তিনি বলেন যে, UN E-Government development Index (EGDI) হলো Online Service Index (OSI), Telecommunication Infrastructure Index (TII), Human Capital Index (HCI) এই তিনটি Index এর সমন্বিত ফল। গত ২০২২ সালের E-govt. Ranking এ বাংলাদেশের অবস্থান ১১১ হলেও বাংলাদেশ High OGDI র‍্যাংকিং এ ২০২০ সালে ০.৫৩ থেকে ২০২২ সালে ০.৭৩ বৃদ্ধি পেয়েছে। OGDI যেহেতু গুরুত্বপূর্ণ অনলাইন সার্ভিসের সাথে সম্পৃক্ত পাশাপাশি বাংলাদেশ অনলাইন সার্ভিসের ক্ষেত্রে অনেক উন্নয়ন করেছে তাই এ সমস্ত সার্ভিসসমূহ OGD ডাটা হিসেবে গ্রহণ করেছে। কিন্তু অদূর ভবিষ্যতে এসমস্ত সার্ভিসসমূহের ইমপ্যাক্ট OGD প্লাটফরমের মাধ্যমে গণ্য করা হবে। তিনি আরোও বলেন যে, OGDI এ বাংলাদেশের অবস্থান ভাল করতে হলে পলিসি ডেভেলোপ করতে হবে এতে OGDI এর ক্ষেত্রে ৩০% ইমপ্যাক্ট রয়েছে। OGD প্লাটফরমের মান আরোও উন্নয়ন করতে হবে এতে OGDI এর ক্ষেত্রে ৫০% ইমপ্যাক্ট রয়েছে। এছাড়া OGDI এর ক্ষেত্রে বাকী ২০% ইমপ্যাক্ট রয়েছে বেসরকারি প্রতিষ্ঠানকে এর সাথে সম্পৃক্ত করে সার্ভিস প্রস্তুতকরণ প্রক্রিয়ার জন্য।

০৬। ওয়ার্কশপে Open Government Data Portal (OGDP) এর উপর নিম্নরূপ সুপারিশ/মতামত পাওয়া যায়:

- পোর্টালে ডাটা Visualization এর জন্য একটি ভিডিও টিউটোরিয়াল আপলোড করা দরকার এতে করে সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর এর ডাটা সহজে Visualization করতে পারবে;
- সাধারণ ব্যবহারকারীদের জন্য Subscription module যোগ করা দরকার এতে করে তারা ডাটাসেট আপলোড, জনবল আপডেট, ই-মেইল এর মাধ্যমে তথ্য পাঠানো অধিকতর সহজ হবে;
- ফাইল সাইজ লিমিটেড না রেখে ফাইল যেন সহজে আপলোড করা যায় সে ক্ষেত্রে ফাইল Chunk System রাখা দরকার;
- প্রতিটি মন্ত্রণালয় OGD পোর্টালের মনিটরিং টিম থাকা প্রয়োজন যাতে করে মন্ত্রণালয় ভিত্তিক ডাটা আপলোড করার ক্ষেত্র অধিকতর সহজ হয়;
- OGD পোর্টালের Load Testing, Security Testing, VAPT Testing, Functional Testing, Usability Testing, Interface Testing, Database Testing, Performance Testing, Compatibility Testing, Security Testing করা প্রয়োজন;
- OGDP এর সাথে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর এর ডাটাবেইজ (Application Programming Interfaces) API এর মাধ্যমে সংযোগ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;
- ডাটা শেয়ারিং এর জন্য ডাটা শেয়ারিং নীতিমালা প্রণয়ন প্রয়োজন;
- বড় ডাটাসেট API এর মাধ্যমে টান্সফারের ব্যবস্থা করা যেতে পারে;
- ডাটাসেট আপলোডের পর OGD পোর্টাল অর্গানাইজেশন আডমিন কর্তৃক অনুমোদনের ব্যবস্থা করা যেতে পারে;
- Chatbot এর মাধ্যমে keyword based/ AI Based ডাটা টান্সফার, ডাটা মুছে ফেলার কাজ করা যেতে পারে;
- ডাটাসেট থেকে ডাটার Visualization এর জন্য গ্রাফ/চার্ট প্রস্তুত করার মেকানিজম থাকা প্রয়োজন যাতে করে বিগত ন্যূনতম ১০ বছরের ডাটা প্রদর্শন করা যায়;
- OGD পোর্টালের ডাটা পূর্বের ডাটা সাথে মার্জ করার সুযোগ থাকা প্রয়োজন এতে করে পূর্বের ডাটা ধারাবাহিকতা ঠিক থাকবে;
- প্রত্যেক ডাটাসেটে ডাটা সাইজ, ডাটা ক্যাটাগরি এবং ডাটার সোর্স বর্ণনা থাকা প্রয়োজন;
- OGD পোর্টালে স্বাস্থ্য এবং কৃষি সংক্রান্ত সেবা বক্স থাকা প্রয়োজন;
- OGD পোর্টালে নির্দিষ্ট ডাটাসেটে আপলোড করা হলে নম্বরের পর দশমিক থাকলে সে ক্ষেত্রে কত ডিজিট থাকবে, এছাড়া বাংলা ইউনিকোড সাপোর্ট করার অপশন থাকা প্রয়োজন;
- ওয়েবপোর্টালটি Interoperable হতে হবে। এতে করে এক সিস্টেমের ডাটা অন্য সিস্টেমে সহজে ব্যবহার করা যাবে;
- বিভিন্ন মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দ তাদের ডি-নথি আইডি দিয়ে যাতে পোর্টাল লগইন করতে পারে তার সুযোগ করতে হবে;

- ডাটাসেট এর ক্ষেত্রে বিভিন্ন সাইজের ডাটা তাদের প্রয়োজনে স্ক্যানিং এবং কিছু কিছু ডাটা স্ক্যানিং ছাড়া সিস্টেমে ইনপুট দিতে হবে;
- OGD পোর্টালে ডাটা আপলোডকরণের ক্ষেত্রে একটি সমন্বিয়ত গাইড লাইনে থাকা প্রয়োজন;
- OGD পোর্টালে একটি ফরম রাখা যেতে পারে। এতে করে ব্যবহারকারী তাদের চাহিদা অনুযায়ী বিভিন্ন তথ্য পেতে পারে এবং পোর্টাল সম্পূর্কে তাদের মতামত প্রদান করতে পারে;
- OGD পোর্টাল মনিটরিং এবং রিপোর্টিং এর জন্য একটি মনিটরিং টুলস ডেভেলপ করা যেতে পারে;
- OGD পোর্টালের ডেভেলপ সম্পূর্ণ হলে বিভিন্ন ডাটাসেট আপলোড করে টেস্ট করতে হবে এর পর মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর তাদের ডাটাসেট আপলোড করবে;
- OGD পোর্টালে ডাটা আপলোড সহজতরকরণের লক্ষ্যে ডাটা আপলোড গাইড লাইন প্রস্তুত করা প্রয়োজন;
- যদি কোনো ব্যবহারকারী ডেটা পরিবর্তন করে তাহলে ট্র্যাক করার ব্যবস্থা রাখা।

০৭। ওয়ার্কশপসমূহে অংশগ্রহণকারী সকলের মতামতের ভিত্তিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হলো:

৭.১। প্রাপ্ত সুপারিশমালার আলোকে তৈরিকৃত OGD পোর্টালটি আধুনিকায়ন দ্রুত সম্পন্ন করার বিষয়ে সকলে ঐক্যমত পোষণ করেন;

৭.২। আগামী মার্চ ২০২৪ এর মধ্যে OGD পোর্টালটি আনুষ্ঠানিক ভাবে উন্মুক্ত করা সম্ভব হবে বলে a2i এর পক্ষ থেকে আশ্বাস দেয়া হয়।

০৮। বিশেষ অতিথির বক্তব্যে জনাব মোঃ মামুনুর রশীদ ভূঞা, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এটুআই বলেন সরকারি এবং বেসরকারি যে কোন পরিকল্পনার ক্ষেত্রে তথ্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সরকারের পাশাপাশি প্রাইভেট প্রতিষ্ঠানের ক্ষেত্রে সকল সিদ্ধান্ত ডাটার উপর নেয়া হয়। ডাটার উপর কতটা নির্ভরশীল হওয়া যায় তা নির্ভর করে ডাটা কতটা সঠিক তার উপর। এ প্রেক্ষিতে Open Government Data এর চিন্তাভবনা করা হচ্ছে। OGD বিষয়ক কার্যক্রমে প্রথম থেকে এটুআই, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কাজ করে যাচ্ছে, ইতোপূর্বে একটি প্লাটফরম প্রস্তুত করা হয়েছে। টেকনোলজির আপডেট এর কারণে তা আবার নতুন করে আপডেট করা প্রয়োজন হয়েছে। সরকারি সকল ডাটা সাধারণত ব্যবহার উপযোগী করার জন্য অবশ্যই পুনঃব্যবহার যোগ্য ডাটা পোর্টালে আপলোড করা প্রয়োজন। ডাটা ওপেন করা বলতে সব ডাটা ওপেন করে দেয়া বুঝায় না। এ সংক্রান্ত বিভিন্ন নীতিমালা রয়েছে এছাড়া তথ্য অধিকার আইনে কতটুকু ডাটা ওপেন করা যাবে ঠিক ততটুকু ওপেন করা পয়োজন। তিনি তাঁর বক্তব্যে মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তথ্য উপাত্তের উপর জোড় দিয়েছেন। তিনি বলেন E-Govt. Development Index এ ২০২৫ সালের বাংলাদেশের অবস্থান ১০০ এর মধ্যে আসবে। এছাড়া ২০৩১ সালে বাংলাদেশের অবস্থান ৭৫ এবং ২০৪১ সালের মধ্যে E-Govt. Development Index এর মান ৫০ এর মধ্যে নিয়ে আসার জন্য কার্যক্রম চলমান রয়েছে। স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে ডাটার কোন বিকল্প নেই তাই ডাটাসেট সকলে OGD পোর্টালে আপলোড করে এই পোর্টাল কে আরোও সমৃদ্ধশালী করব এর জন্য এটুআই এর পক্ষ থেকে যতটুকু সহযোগিতা দরকার তা করা হবে মর্মে আশ্বাস দেন।

৯। বিশেষ অতিথির বক্তব্যে জনাব মোঃ মিজানুর রহমান, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বলেন OGD হলো ডাটা সরবরাহকারীদের এবং ব্যবহারকারীদের একটি সাধারণ প্লাটফরম এই প্লাটফরমের মাধ্যমে ডাটাসেট সহজে ডাউনলোড করে তাদের প্রয়োজনে এনালাইসিস করতে পারবে। OGD পোর্টালের সাথে কিভাবে ডাটা শেয়ার করা যায় এবং সাধারণ ব্যবহারকারী কিভাবে তাদের ডাটা ডাউনলোড করবে সে বিষয়ে এই ওয়ার্কশপে বিস্তারিত বর্ণনা করা হবে। এছাড়া আজকের ওয়ার্কশপ যেহেতু মতামত প্রদানের জন্য তাই সকল সদস্য এই পোর্টাল আধুনিকায়নের জন্য মতামত প্রদান করতে পারবে যাতে করে পোর্টালটি আরও সম্মৃদ্ধশালী হয়। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো যেহেতু ডাটার ভান্ডার বলা হয় তাই এই দপ্তরের প্রকাশযোগ্য সকল ডাটাসেট ওয়েবসাইটে প্রকাশ করে সাধারণ ব্যবহারকারীদের জন্য উন্মুক্ত করে দেয়া হবে। স্মার্ট বাংলাদেশ ২০৪১ সালের মধ্যে বাস্তবায়নের নিমিত্ত ডাটার বিকল্প নেই এই ডাটা যেন সহজে পুনঃব্যবহার করা যায় সে লক্ষ্যে আমাদের কাজ করে যেতে হবে। বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশের OGD পোর্টালকে আরোও ডেভেলোপ করতে হবে। এই প্লাটফরমকে আরোও উন্নয়ন করে একটি বিশ্বমানের OGD পোর্টালের রূপ দিতে পারবো।পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, এটুআইসহ সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি তার বক্তব্য শেষ করেন।

১০। প্রধান অতিথির বক্তব্যে ড. শাহনাজ আরেফিন এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বলেন বাংলাদেশ কে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ডাটার কী ভূমিকা থাকবে এবং আমাদের কী করণীয় সে বিষয়ে সকল কে জানানো এবং ডাটা কীভাবে ওয়েবপোর্টালে আপলোড করবে তার সুস্পষ্ট ধারণা তৈরি হবে। স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের ক্ষেত্রে চারটি পিলার উন্নয়ন জরুরী এই

বিষয়গুলো আরোও কার্যকরের জন্য তথ্য উন্মুক্তকরণ প্রয়োজন। উক্ত ডাটা এসডিজির সাথে লিংক করে আমাদের ন্যাশনাল ডেভেলপমেন্ট করা হবে। OGD পোর্টাল এর সাথে অব্যশই ইনভাইরনমেন্টাল তথ্যাদি থাকা জরুরী। এই ওয়ার্কশপের মাধ্যমে OGD পোর্টাল এর কার্যক্রম এর বিস্তারিত বিষয়াদি জানা যাবে। এছাড়া ডাটা কিভাবে একটি দেশের পলিসি উন্নয়ন করে সে বিষয়ে অবহিতকরণের প্রয়োজন। OGD পোর্টাল E-Govt. Development Index (EGDI) এর ক্ষেত্রে ৫০% ভূমিকা রাখবে। OGDI এর ক্ষেত্রে ২০% ইমপ্যাক্ট রয়েছে বেসরকারি প্রতিষ্ঠান কে এর সাথে সম্পৃক্ত করে সার্ভিস প্রস্তুতকরণ প্রক্রিয়ারকরণে। এছাড়াও OGDI এ বাংলাদেশের অবস্থান ভাল করতে হলে পলিসি ডেভেলোপ করতে হবে যাতে OGDI এর ক্ষেত্রে ৩০% ইমপ্যাক্ট রয়েছে। OGD পোর্টালে ডাটাসেট আপলোড এবং ডাউনলোড সহজীকরণের জন্য একটি ডাটা ক্যাটালগ প্রস্তুত করা প্রয়োজন। সকলের মতামতে ভিত্তিতে একটি তথ্যভিত্তিক কার্যকর পোর্টালের তৈরির আশা ব্যক্ত করে তিনি তার বক্তব্য শেষ করেন।

১১। সভাপতির তার বক্তব্যে ওয়ার্কশপ আয়োজনের সার্বিক ব্যবস্থাপনাসহ প্লাটফরম দ্রুত শেষ করার জন্য a2i কে ধন্যবাদ জানান। প্রধান অতিথীসহ অন্যান্য অতিথীবৃন্দ সময় দিয়ে ওয়ার্কশপকে প্রাণবন্ত এবং আকর্ষণীয় করেছেন। উন্মুক্ত সেশনযুক্ত হয়ে ওয়ার্কশপকে আরোও কার্যকর করেছেন বিধায় তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর সংস্থার ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দ ওয়ার্কশপে অংশ নিয়ে সুচিন্তিত মতামত দিয়েছেন সেজন্য তাদেরকেও ধন্যবাদ জানানো হয়। ওয়ার্কশপ আয়োজনে সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০২/২০২৪

(ড. মোঃ মইনুল হক আনছারী)
অতিরিক্ত সচিব
ও
সভাপতি
Open Government Data (OGD) পোর্টালের আধুনিকায়ন এবং
কর্মকর্তাবৃন্দের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত ওয়ার্কশপ
টেলিফোনঃ ০২-৫৫০০৭০৭০
ই-মেইলঃ addlsecy@sid.gov.bd

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জনাব ----------, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। প্রকল্প পরিচালক, a2i প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৩। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা;(ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৬। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা;
৭। স্টাফ অফিসার, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮। অফিস কপি।